



অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর পরিবীক্ষণ প্রতিবেদন


কার্যালয়ের নামঃ জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর  
প্রতিবেদনকালঃ ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২২ খ্রি.)

বিগত ২২/০৯/২০২২ খ্রি. তারিখ সকাল ৯:০০ ঘটিকায় ২০২২-২০২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণের আলোকে গৃহিত সিদ্ধান্ত সমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	পরিবীক্ষণ	পরিবীক্ষণের আলোকে গৃহিত সিদ্ধান্ত
[১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে (প্রযোজ্য ক্ষেত্রে) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	[১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে হালনাগাদকৃত/আপলোডকৃত	জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় গাজীপুর এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সেবাবক্সে অনিক ও আপিল কর্মকর্তার তথ্য যাচাই করা হয়। যাচাইয়াতে দেখা যায় যে, অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদ রয়েছে।	অনিক ও আপিল কর্মকর্তার তথ্য ১ম ত্রৈমাসিক পর্যন্ত অপরিবর্তিত থাকবে। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।
[১.২] নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	[১.২.১] অভিযোগ নিষ্পত্তিকৃত	জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাস পর্যন্ত অভিযোগ প্রাপ্তির বিষয়টি যাচাই করা হয়। যাচাইয়ে দেখা যায় উক্ত সময়ে কোন অনলাইনে অথবা অফলাইনে কোন অভিযোগ পাওয়া যায়নি।	অনলাইন/ অফলাইনে কোন অভিযোগ না পাওয়া গেলেও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর নির্ধারিত ছকে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।
[১.৩] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ	[১.৩.১] মাসিক প্রতিবেদন প্রেরিত	মাসিক প্রতিবেদন যাচাই করে দেখা যায় যে, বিগত জুলাই ২০২২ ও আগস্ট ২০২২ মাসের অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। সেপ্টেম্বর ২০২২ মাসের মাসিক প্রতিবেদনও পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রেরণ করতে হবে।	সেপ্টেম্বর ২০২২ মাসের প্রতিবেদন অক্টোবর ২০২২ মাসের ১ম সপ্তাহের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।
[২.১] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[২.১.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ নিয়মিতভাবে সম্পন্ন করতঃ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। এরই অংশ হিসেবে ২২/০৯/২০২২ খ্রি. তারিখ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা পরিবীক্ষণ করা হয়।	অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
[২.২] কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন	[২.২.১] সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজিত	কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক ২টি সেমিনার/ কর্মশালা/ প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রার বিষয়ে আলোচনা হয়। দ্বিতীয় ত্রৈমাসিকে ১ টি এবং অন্যটি সুবিধাজনক সময়ে সম্পন্ন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়।	এ কার্যক্রমের আওতায় ২টি প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। ১টি ২য় ত্রৈমাসিকে ও অন্যটি ৪র্থ ত্রৈমাসিক/ সুবিধাজনক সময়ে সম্পাদনের সিদ্ধান্ত গৃহিত হয়।
[২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[২.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। বছরে ২ টি অবহিতকরণ সভা আয়োজন করা হবে।	এ কার্যক্রমের আওতায় ২টি লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকায় ২য় ত্রৈমাসিকে ও ৪র্থ ত্রৈমাসিকে ১টি করে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

  
২২/০৯/২০২২  
মোহাম্মদ জাহিরুল আমিন  
সহকারী মৎস্য অফিসার  
জেলা মৎস্য অফিস (সংলগ্ন)  
গাজীপুর

  
২২/০৯/২০২২  
মোঃ বেলাল হোসেন  
মৎস্য জরীপ কর্মকর্তা  
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
গাজীপুর।

  
ড. কায়সার মুহাম্মদ মজিবুল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা  
গাজীপুর।